

# চেম্বারে ডেকে ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ রাবি অধ্যাপকের বিরুদ্ধে

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



সংগৃহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) পরিসংখ্যান বিভাগের এক অধ্যাপকের বিরুদ্ধে একই বিভাগের এক মাস্টার্সের ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে গত ৪ আগস্ট। এ বিষয়ে ভুক্তভোগী ছাত্রীর মা গত ১৩ আগস্ট বিভাগীয় সভাপতির কাছে লিখিত অভিযোগ জমা দিয়েছেন।

বিভাগ সূত্রে জানা যায়, গত ৪ আগস্ট ক্লাসে উপস্থিতির শতাংশ জানতে ওই ছাত্রী তার চেম্বারে গেলে শিক্ষক তাকে অন্যদিন আসতে বলেন।

পরবর্তীতে অভিযুক্ত শিক্ষক তাকে নিজ চেম্বারে ডাকেন। সেখানে সাজেশনের কথা বলে কিছু প্রশ্ন লিখতে দেন এবং ছবি তুলতে নিষেধ করেন। এক পর্যায়ে তিনি ছাত্রীটির শরীরের বিভিন্ন স্থানে অশোভন স্পর্শ করেন ও কুরুচিপূর্ণ প্রস্তাব দেন।



সারা রাত শহরের আবর্জনা পরিষ্কার করি, দুপুরের  
আগেই নোংরা : প্রশাসক

অভিযুক্ত প্রভাস কুমার কর্মকার বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা  
পরিষদের সভাপতি এবং বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের  
সাবেক প্রশাসক।

এ বিষয়ে জানতে তার মোবাইলে একাধিকবার যোগাযোগের চেষ্টা  
করা হলেও ফোন বন্ধ পাওয়া যায়।

পরিসংখ্যান বিভাগের সভাপতি অধ্যাপক রেজাউল করিম বলেন,  
‘বিভাগের শিক্ষকদের নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করা  
হয়েছে। তারা অভিযোগটি খতিয়ে দেখছেন।’ তবে তদন্ত  
কমিটিতে কারা রয়েছেন, সে বিষয়ে মন্তব্য করতে অস্বীকৃতি  
জানান তিনি।